

প্রাথমিক শিক্ষা বিভাগের ইনোভেশন সম্পর্কিত বিবরণ:

১. উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম : “ শিক্ষকদের পেনশন সহজীকরণ ”
২. সমস্যার সংক্ষিপ্ত বিবরণ: প্রত্যেক শিক্ষক নির্ধারিত চাকুরীর মেয়াদ সম্পন্ন করে অবসর গ্রহণ করেন। অবসরকালীন সময়ে তাঁরা সরকার এর নিকট হতে পেনশন গ্রহণ করেন। পেনশন মঞ্জুরীকরণ একটি জটিল প্রক্রিয়া। এই প্রক্রিয়া সম্পন্ন করতে তাঁদের নানা রকম ভোগান্তি পোহাতে হয়।
৩. সমাধান- সমাধান প্রক্রিয়ার বিবরণ : অনলাইনের মাধ্যমে পেনশন মঞ্জুরীকরণ।

\*\* বিদ্যমান প্রসেস ম্যাপ :

- ০১। শিক্ষকগণ অবসর গ্রহণ শেষে তাঁদের কাগজপত্র সংগ্রহ করেন।
- ০২। প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করে উপজেলা শিক্ষা অফিসে দাখিল করে।
- ০৩। উপজেলা শিক্ষা অফিস তা যাচাই বাছাই করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করে।
- ০৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিস যাচাই বাছাই করে ত্রুটি থাকলে তা পুনরায় উপজেলা শিক্ষা অফিসে ফেরত পাঠায়।
- ০৫। উপজেলা শিক্ষা অফিস ত্রুটি সংশোধন করে পুনরায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করে।
- ০৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিস মঞ্জুরীকৃত কাগজপত্র সঠিক থাকলে তা মঞ্জুর করে উপজেলা শিক্ষা অফিসে প্রেরণ করে।
- ০৭। উপজেলা শিক্ষা অফিস মঞ্জুরীকৃত কাগজপত্র জেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করে। অতঃপর শিক্ষকগণ পেনশন প্রাপ্ত হন।

\*\*\* প্রস্তাবিত প্রসেস ম্যাপ :

- ০১। শিক্ষকগণ পেনশনের কাগজপত্রাদি সংগ্রহ করে উপজেলা শিক্ষা অফিসে দাখিল করবেন।
- ০২। উপজেলা শিক্ষা অফিস দাখিলকৃত যাবতীয় কাগজপত্রাদি স্কেনিং করে মেইল করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করবে।
- ০৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিস যাচাই বাছাইয়ের পর মঞ্জুরী করে মেইল এর মাধ্যমে জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করবে এবং উপজেলা শিক্ষা অফিসকে অনুলিপি প্রেরণ করবে।
- ০৪। জেলা / উপজেলা হিসাবরক্ষণ অফিস ডাউনলোড করবে। অতঃপর শিক্ষকগণ পেনশনাদি প্রাপ্ত হবেন।

৪. কি ফলাফল তৈরী হবে : শিক্ষকগণ উপজেলা শিক্ষা অফিসে একবার গিয়েই পেনশন ভাতাদি প্রাপ্ত হবেন। এতে শিক্ষকদের যাতায়াতের ভোগান্তি দূরীভূত হবে।  
\*\* উপকারভোগীর সামাজিক অবস্থা ও সংখ্যা : উপকারভোগী শিক্ষক/শিক্ষিকাগণ সমাজের সম্মানিত ব্যক্তি। তাঁদের সংখ্যা প্রায় ৪১৬ জন। বিশেষ করে বয়স্ক পেনশনভোগীদের যাতায়াতের সমস্যা এবং পরিশ্রম লাঘব হবে।  
\*\* টিসিভি

বিবরণ	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	৪৫ দিন	২,০০০/-	০৭ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	০৩ দিন	নাই	০১ বার
আইডিয়া বাস্তবায়নের ফলে গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	সময় কমে যাবে	খরচ হবে না	যাতায়াত ০১ বার করলে চলবে।

৫. পাইলটের স্থান : উপজেলা শিক্ষা অফিস, সদর, বান্দরবান পার্বত্য জেলা।
৬. বাস্তবায়ন কাল : মার্চ ২০১৬ হতে নভেম্বর ২০১৬।
৭. টিম সদস্য : “অনুমোদনকারী” জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।  
\*\* “সহযোগী” উপজেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।  
\*\* “সাপোর্টার” সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উচ্চমান সহকারী, অফিস সহকারী ও শিক্ষকগণ।  
\*\* “অপোনেন্টস” নেই/অফিস স্টাফগণ।
৮. প্রয়োজনীয় রিসোর্স : বিদ্যমান আর্থিক ও কারিগরী সুবিধা দিয়ে এই কাজ সম্পন্ন করা যাবে।
৯. রিসোর্স এর যোগান : “নতুনভাবে কোন আর্থিক এবং কারিগরী সুবিধার প্রয়োজন নাই।
১০. কর্মপরিকল্পনা : সংযুক্ত।

স্বাক্ষরিত ১৬/৭/২০১৬  
(মুহাম্মদ ইলিয়াছ)  
উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)  
সদর, বান্দরবান পার্বত্য জেলা

উদ্ভাবন বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়নের ছক

কার্যক্রম	সময়কাল	দায়িত্ব	চ্যালেঞ্জ/ঝুঁকি
উর্দ্ধতন কর্মকর্তাকে অবহিতকরণ ও সমর্থন কামনা	৩০/০৪/২০১৬	উপজেলা শিক্ষা অফিসার	নেই
উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী টিম গঠন	৩০/০৪/২০১৬	উপজেলা শিক্ষা অফিসার	নেই
স্থানীয় স্টেক হোল্ডারগণের সাথে মতবিনিময় ও প্রযোজ্য ক্ষেত্রে পার্টনারশিপ তৈরী	১৫/০৫/২০১৬	উপজেলা শিক্ষা অফিসার , সহকারি উপজেলা শিক্ষা অফিসার, অফিস স্টাফ	পার্টনারশিপের জন্য উইন- উইন ক্ষেত্র তৈরী
উদ্ভাবনী পরিকল্পনা চূড়ান্তকরণ	৩১/০৫/২০১৬	উপজেলা শিক্ষা অফিসার ও অন্যান্য টিম সদস্য	নেই
বাস্তবায়ন	০১/০৩/২০১৬ হতে ২০/১১/২০১৬	উপজেলা শিক্ষা অফিসার ও অন্যান্য টিম সদস্য	নেই
মনিটরিং	১৫/০৩/২০১৬ হতে ৩০/১১/২০১৬	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও মনিটরিং টিমের সদস্যগণ	নেই
মূল্যায়ন	২৭/১১/২০১৬ হতে ৩১/১২/২০১৬	বান্দরবান পার্বত্য জেলা পরিষদ	নেই

স্বাক্ষরিত ১৬/৭/২০১৬  
(মুহাম্মদ ইলিয়াছ)  
উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)  
সদর, বান্দরবান পার্বত্য জেলা